

স্বালতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ বিত্র রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

বিতরের পর নফল ২ রাকআত

অবশ্য এ ব্যাপারে একটি ব্যতিক্রম নামায হল, বিতরের পরে ২ রাকআত সুন্নত বসে বসে পড়া। মা আয়েশা (রাঃ) বলেন, রসূল (ﷺ) (বিত্র নামাযের) সালাম ফিরার পর বসে বসে ২ রাকআত নামায পড়তেন। (মুসলিম, সহীহ) হযরত উম্মে সালামাহ্ বলেন। 'তিনি বিতরের পর বসে বসে (হাল্কা করে) ২ রাকআত নামায পড়তেন।' (আহমাদ, মুসনাদ, আবুদাউদ, সুনান, তিরমিয়ী, সুনান, মিশকাত ১২৮৪নং)

মহানবী (ﷺ) বলেন, "নিশ্চয় এই (সফর) রাত্রি জাগরণ ভারী ও কষ্টকর। সুতরাং তোমাদের কেউ যখন বিত্র পড়বে তখন সে যেন ২ রাকআত পড়ে নেয়। অতঃপর সে যদি রাত্রে উঠতে পারে তো উত্তম। নচেৎ, ঐ ২ রাকআত তার (রাতের নামায) হয়ে যাবে।" (দারেমী, সুনান, মিশকাত ১২৮৬, সিলসিলাহ সহীহাহ, আলবানী ১৯৯৩নং দ্র:)

উক্ত হাদীস থেকে বুঝা যায় যে, ঐ ২ রাকআত আমাদেরও পড়া উচিৎ। আর তা মহানবী (ﷺ) এর জন্য খাস নয়।

আবূ উমামাহ্ বলেন, 'নবী (ﷺ) ঐ ২ রাকআত নামায বিতরের পর বসে বসে পড়তেন। আর তার প্রথম রাকআতে সূরা যিল্যাল ও দ্বিতীয় রাকআতে সূরা কাফিরুন পাঠ করতেন।' (আহমাদ, মুসনাদ, মিশকাত ১২৮৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3033

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন